

সারাদেশ

রুমিন ফারহানার বক্তব্যে সহ্যসীমা পার হচ্ছে, অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে: এমপি নাদিয়া

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০৯:৫৫ PM



ব্যারিস্টার রুমিন ফারহানা বিএনপি ও দলের শীর্ষ নেতৃত্বকে নিয়ে ঐক্যবদ্ধ হয়ে মন্তব্য করছেন বলে অভিযোগ তুলেছেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নাদিয়া পাঠান পাপন।

তিনি বলেছেন, 'রুমিন ফারহানার বক্তব্যে দলের নেতাকর্মীদের সহ্যসীমা পার হয়ে যাচ্ছে। আমাদের ধৈর্যেরও একটা সীমা আছে। সহ্যসীমা পার হয়ে গেলে অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে, যা কাম্য নয়।'

আজ বৃহস্পতিবার দুপুরে ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চান্দুরা ইউনিয়নের বেকীনগর গ্রামে বৃক্ষরোপণ কর্মসূচিতে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান ঘোষিত 'পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি'র অংশ হিসেবে স্থানীয় বিএনপি এই কর্মসূচির আয়োজন করে।

নাদিয়া পাঠান বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মনোনয়নে ব্রাহ্মণবাড়িয়া জেলার সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য। তিনি ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির নেত্রী।

সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নাদিয়া পাঠান অভিযোগ করেন, বিএনপি রুমিন ফারহানাকে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য করে রাজনৈতিক পরিচিতি দিয়েছিল। কিন্তু এখন তিনি দলের প্রতি ঐচ্ছরম অকৃতজ্ঞতা প্রকাশ করছেন।

নাদিয়া পাঠান বলেন, ঐগত ১৭ বছরে বিএনপির নেতাকর্মীদের ত্যাগের কথা ও দলীয় বক্তব্য রুমিন ফারহানাকে লিখে দেওয়া হতো এবং তিনি শুধু সেগুলো জনগণের সামনে তুলে ধরতেন।

তিনি আরও বলেন, ঐউনি প্রায়ই বলেন, ঐবাবা-দাদার রাজনীতি ছাড়তে হবে। ঐআরে ভাই, আপনার নিজের যোগ্যতা থাকলে বারবার বাবার নাম জপতে হয় কেন? নিজের যোগ্যতায় বড় হতে হয়।

শেখ হাসিনার সঙ্গে রুমিন ফারহানার আচরণের মিল রয়েছে মন্তব্য করে নাদিয়া বলেন, ঐশেখ হাসিনা যেভাবে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ও তারেক রহমানকে নিয়ে অবাস্তর ও কুরুচিপূর্ণ মন্তব্য করতেন, বর্তমানে যেন সেই দায়িত্বই রুমিন ফারহানা নিজের কাঁধে তুলে নিয়েছেন।

তারেক রহমানকে নিয়ে রুমিন ফারহানার সাম্প্রতিক ঐকটি মন্তব্যের প্রসঙ্গ তুলে নাদিয়া পাঠান বলেন, ঐতারেক রহমান অপুষ্টিতে ভুগছেনঐএমন অবাস্তব ও জ্ঞানশূন্য কথা উনি কীভাবে বলেন? উনি কি উনার (তারেক রহমান) ব্যক্তিগত চিকিৎসক?

এসব অভিযোগ ও মন্তব্যের বিষয়ে রুমিন ফারহানার কাছে জানতে চাইলে তিনি দ্য ডেইলি স্টারকে বলেন, ঐকে বা কারা আমাকে নিয়ে কী বলেছে তা আমি জানতে চাই না। ঐনিয়ে কোনো মন্তব্যও করতে চাই না।

ঐ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/rumin-farhanar-bktbje-shjsima-par-hchchhe-opritikr-ghtna-ghtte-pare-empi-nadiya>